শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

Sher-e-Bangla Agricultural University

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৫৩)/২০২০-৪২৮ তারিখ ঃ ১৪-০৯-২০২০ খ্রিঃ

বিষয় ঃ Commonwealth-Workforce Recovery Initiative-এর প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে দরখাস্ত আহবান।

সূত্র ঃ ইউজিসির ১৩-০৯-২০২০ তারিখের ইউজিসি/আইসিসি/৫.৩০/বিবিধ/৩/২০১৫/৪০৬০ সংখ্যক পত্র এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ০৪-০৮-২০২০ তারিখের ২৬.০০.০০০০.১২৫.৩৩.০৫.২০-১২৪ সংখ্যক পত্র।

সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারির প্রেক্ষিতে কমনওয়েলথভূক্ত দেশসমূহের বেকার/কর্মহীন নাগরিকগণকে কর্মসংস্থানের উপযোগী করার লক্ষ্যে The Commonwealth হতে "Workforce Recovery Initiative" প্রশিক্ষণ কর্মসূচিতে কমনওয়েলথভূক্ত প্রত্যেক দেশ/শীর্ষক হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রেরণের জন্য বাণিজ্য মন্ত্রণালয় থেকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-কে অনুরোধ জানানো হয়েছে (সংযুক্তি-'ক')। প্রশিক্ষণ কর্মসূচিটি The Commonwealth of Learning (COL), Commonwealth Foundation and The Commonwealth Secretariat যৌথভাবে আয়োজন করবে। এ প্রেক্ষিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে সূত্রোক্ত পত্রের মাধ্যমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ৩০ জন প্রশিক্ষণার্থীকে মনোনয়নপূর্বক তালিকা প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে (সংযুক্তি-'খ')।

বর্ণিতাবস্থায়, সংযুক্ত পত্রদ্বয়ের আলোকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত বেকার/কর্মহীন শিক্ষার্থীদের মধ্যে বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহীদের নিকট থেকে আগামী ১৭-০৯-২০২০ তারিখের মধ্যে ই-মেইল (registrar@sau.edu.bd) এ রেজিস্ট্রার বরাবর ইংরেজিতে আবেদন করার জন্য এতদ্বারা আহবান জানানো যাচ্ছে।

আবেদকারীগণকে নিম্লোক্ত বিষয়গুলি বিবেচনায় নেওয়ার জন্য বলা হলোঃ

- আবেদনকারী-কে **কোর্স অব স্টাডি যথাযথভাবে গ্রহণ করার সক্ষমতা** থাকতে হবে;
- কোর্স সমাপনের জন্য **তার ইন্টারনেট সংযোগ** থাকতে হবে;
- যেহেতু বেশিরভাগ কোর্স এবং 'হেল্পডেস্ক' এর কার্যক্রম ইংরেজিতে হবে, সেহেতু **যথাযথ দক্ষতা থাকা** আবশ্যক;
- COL-এর মাধ্যমে যুক্ত হয়ে শিক্ষার্থীবৃন্দ বিনামূল্যে হেল্পডেস্ক-এ প্রবেশ করে প্রতিটি কমনওয়েলথ অঞ্চলের অভিজ্ঞ ব্যক্তির নিকট হতে একাডেমিক ও প্রশাসনিক সহযোগিতা নিতে পারবে। এজন্য সকল আবেদনকারীকে তাদের **ফোন নম্বর এবং ই-মেইল আইডি সরবরাহের** জন্য বলা হয়েছে যাতে প্রয়োজনে হেল্পডেস্ক এর মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করা যায়।

১৪/৯/২০২০

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

সংযুক্তিঃ উপর্যুক্ত পত্রদ্বয় (সংযুক্তি-'ক' ও 'খ')।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৫৩)/২০২০-৪২৮ তারিখ ঃ ১৪-০৯-২০২০ খ্রিঃ

অনুলিপি (অবগতি/কার্যার্থে) ঃ

১. সকল ডীন, শেকৃবি।
২. পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী, শেকৃবি।
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান, শেকৃবি।
৪. গ্রন্থাগারিক/সকল প্রভোস্ট/প্রক্টর/পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি।
৫. পরিচালক (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি।
৭. অতিরিক্ত রেজিস্ট্রার, শিক্ষা ও বৃত্তি, রেজিস্ট্রার কার্যালয়, শেকৃবি।
৮. অতিরিক্ত রেজিস্ট্রার/ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা ও বৃত্তি শাখা, রেজিস্ট্রার কার্যালয়/পিআরও, শেকৃবি।
১০. পিএ টু প্রো-ভিসি মহোদয়, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. পিএ-টু ট্রেজারার/রেজিস্ট্রার, শেকৃবি (ট্রেজারার মহোদয়/রেজিস্ট্রার-এর সদয় অবগতির জন্য)।
১২. অফিস নথি/মহানথি।

১৪/৯/২০২০

রেজিস্ট্রার

UGC-E (Reg. Off)

সংযুক্তি- ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
এফটিএ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১২৫.০৩৩.০৫.২০-১২৪

২৯ ভাদ্র ১৪২৭
তারিখঃ..................
১৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: Commonwealth: 'Workforce Recovery Initiative' এর প্রশিক্ষণ কর্মসূচীতে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

সূত্র: ১. বাংলাদেশ দূতাবাস, লন্ডন এর কমার্শিয়াল কাউন্সেলর হতে প্রাপ্ত ২৭ জুলাই ২০২০ তারিখের ই-মেইল।
২. Commonwealth: 'Workforce Recovery Initiative' হতে প্রাপ্ত ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ই-মেইল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে কমনওয়েলথভুক্ত দেশসমূহের বেকার/কর্মহীন নাগরিকগণকে কর্মসংস্থানের উপযোগী করার লক্ষ্যে The Commonwealth of Learning (COL), Commonwealth Foundation and The Commonwealth Secretariat এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত The Commonwealth: 'Workforce Recovery Initiative' প্রশিক্ষণ কর্মসূচিতে Commonwealth এর প্রত্যেক দেশ হতে ১০০০ জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল এবং প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রেরণের শেষ তারিখ ৩১ আগস্ট ২০২০ নির্ধারিত ছিল। প্রাপ্ত মেইলে একটি এক্সেল শিট সংযুক্ত আছে যা সমন্বয়কারী প্রতিষ্ঠান কর্তৃক পূরণ করে একটি অফিসিয়াল কভার লেটারসহ ই-মেইলে প্রশিক্ষণার্থীর তথ্য প্রেরণের জন্য বলা হয়েছিল। সে মোতাবেক বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত তালিকা সংযুক্ত মোতাবেক) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর LEDP (Learning and Earning Development Project) হতে প্রাপ্ত সর্বমোট ১০০০ জন আগ্রহী প্রার্থীর তালিকা সংযুক্ত ছক (এক্সেল শিট) মোতাবেক প্রশিক্ষণার্থী হিসাবে মনোনয়ন প্রদানের জন্য Commonwealth সচিবালয়ে ২৭ আগষ্ট ২০২০ তারিখে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। মনোনীত প্রশিক্ষণার্থীগণ ইতোমধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করে প্রশিক্ষণ গ্রহণ করছেন।

পরবর্তীতে, The Commonwealth: 'Workforce Recovery Initiative' হতে প্রাপ্ত ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ই-মেইল এর পরিপ্রেক্ষিতে জানা যায়, উক্ত প্রশিক্ষণের জন্য বাংলাদেশ হতে আরো ৫০০০ জন প্রশিক্ষণার্থী মনোনয়নের সুযোগ রয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের শর্তসমূহ নিম্নরূপ,

(ক) এই প্রোগ্রামটি কমনওয়েলথভুক্ত সকল দেশের বেকার/কর্মহীন নাগরিকগণের জন্য উন্মুক্ত;
(খ) বাংলাদেশ আরো ৫০০০ জন প্রশিক্ষণার্থীকে কোর্সে অংশগ্রহনের জন্য মনোনয়ন দিতে পারবে;
(গ) এই প্রোগ্রামের নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে (free & unlimited) অংশগ্রহণ করতে পারবে;
(ঘ) COL-এর মাধ্যমে যুক্ত হয়ে শিক্ষার্থীবৃন্দ বিনামূল্যে 'হেল্পডেস্ক'-এ প্রবেশ করে প্রতিটি কমনওয়েলথ অঞ্চলের অভিজ্ঞ ব্যক্তির নিকট হতে একাডেমিক ও প্রশাসনিক সহযোগিতা নিতে পারবে। এজন্য সকল আবেদনকারীকে তাদের ফোন নম্বর সরবরাহের জন্য বলা হয়েছে যাতে প্রয়োজনে 'হেল্পডেস্ক'-এর মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করা যায়;
(ঙ) মনোনয়ন প্রেরণের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর ২০২০। সদস্য দেশসমূহকে দ্রুত মনোনয়ন প্রেরণের জন্য বলা হয়েছে এতে করে অংশগ্রহণকারীগণ তাদের পছন্দের বিষয় বেছে নিতে পর্যাপ্ত সময় পাবেন;
(চ) সংশ্লিষ্ট সকল কোর্স ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন হবে;
(ছ) মনোনয়ন প্রেরণকারী দেশসমূহকে মনোনীত ব্যক্তি ভালভাবে যাচাই করতে হবে যেন তিনি কোর্স অব স্টাডি যথাযথভাবে গ্রহণ করতে পারেন এবং কোর্স সমাপনের জন্য তার ইন্টারনেট সংযোগ থাকে। যেহেতু বেশীরভাগ কোর্স এবং 'হেল্পডেস্ক'-এর কার্যক্রম ইংরজিতে হবে, সেহেতু যথাযথ দক্ষতা থাকা আবশ্যক;
(জ) সদস্য দেশসমূহকে লিঙ্গ ভারসাম্য বজায় রেখে মনোনয়ন প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে;
(ঝ) সমন্বয়কারী প্রতিষ্ঠান কর্তৃক সংযুক্ত এক্সেল শিট পূরণ করে একটি অফিসিয়াল কভার লেটারসহ ই মেইলে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উক্ত কোর্সের প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্তে বিজ্ঞপ্তি প্রকাশসহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন এবং সংযুক্ত ছক (এক্সেল শিট) মোতাবেক আগ্রহী প্রশিক্ষণার্থীর তালিকা আগামী ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে (ই-মেইল: selim25bcs@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আগ্রহী প্রশিক্ষণার্থীর তালিকা প্রেরণের ছক (এক্সেল শিট) ।

১৩/০৯/২০২০
মোঃ সেলিম হোসেন
উপসচিব
মোবাইল: ০১৭১৩৪২৫৫৯৩
selim25bcs@gmail.com

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্ত - খ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয়মঞ্জুরীকমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

স্মারক নং ঃ ইউজিসি/আইসিসি/৫.৩০/বিবিধ/৩/২০১৫/৪০৬০ তারিখঃ ১৩/০৯/২০২০ইং

বিষয় ঃ Commonwealth:Workforce Recovery Initiative –এর প্রশিক্ষণ কর্মসূচিতে বাংলাদেশের প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।

সূত্র ঃ ১. বাংলাদেশের দূতাবাস, লন্ডনএর কার্যালয় এর কমার্শিয়াল কাউন্সিলর হতে প্রাপ্ত ২৭ জুলাই ২০২০ তারিখের ইমেইল।

সূত্র ঃ ২. Commonwealth:Workforce Recovery Initiative হতে প্রাপ্ত ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ইমেইল।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে কমনওয়েলথভুক্ত দেশসমূহের বেকার/কর্মহীন নাগরিকগণকে কর্মসংস্থানের উপযোগী করার লক্ষ্যে The Commonwealth হতে Workforce Recovery Initiative প্রশিক্ষণ কর্মসূচিতে কমনওয়েলথভুক্ত প্রত্যেক দেশ/ শীর্ষক হতে প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রেরণের জন্য কমিশনকে অনুরোধ জানানো হইল। গত ১৮-০৮-২০২০ তারিখে বিশ্ববিদ্যালয় সমূহে পত্র প্রেরণ করা হয় এবং বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত তালিকা অনুযায়ী প্রশিক্ষনার্থী প্রশিক্ষনের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন পেয়ে প্রশিক্ষণে অংশগ্রহন করেছেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, উক্ত প্রশিক্ষণে বাংলাদেশ থেকে আরও ৫০০০ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহণের সুযোগ রয়েছে। The Commonwealth of Learning (COL), Commonwealth Foundation and The Commonwealth Secretariat যৌথভাবে প্রশিক্ষণের আয়োজন করবে।

The Commonwealth হতে প্রাপ্ত পর্যালোচনায় দেখা যায়,

(ক) এই প্রোগ্রামটি কমনওয়েলথভুক্ত সকল দেশের বেকার/কর্মহীন নাগরিকের জন্য উন্মুক্ত;

(খ) প্রতি সদস্য দেশ ৫০০০ জন পর্যন্ত অংশ গ্রহণকারী মনোনয়ন দিতে পারবে;

(গ) এই প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে অংশগ্রহণ করতে পারবে;

(ঘ) COL এর মাধ্যমে যুক্ত হয়ে শিক্ষার্থীবৃন্দ বিনামূল্যে হেল্পডেস্ক-এ প্রবেশ করে প্রতিটি কমনওয়েলথ অঞ্চলের অভিজ্ঞ ব্যক্তির নিকট হতে একাডেমিক ও প্রশাসনিক সহযোগিতা নিতে পারবে। এজন্য সকল আবেদনকারীকে তাদের ফোন নম্বর সরবরাহের জন্য বলা হয়েছে যাতে প্রয়োজনে হেল্পডেস্ক -এর মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করা যায়;

(ঙ) সংশ্লিষ্ট কোর্স ৩১ ডিসেম্বর ২০২০ ইং তারিখের মধ্যে সম্পন্ন হবে;

(চ) মনোনয়ন প্রেরণকারী দেশসমূহকে মনোনীত ব্যক্তিকে ভালভাবে যাচাই করতে হবে যেন তিনি কোর্স অব স্টাডি যথাযথভাবে গ্রহণ করতে পারেন এবং সমাপনের জন্য তার ইন্টারনেট সংযোগ থাকে। যেহেতু বেশির ভাগ কোর্স এবং হেল্পডেস্ক এর কার্যক্রম ইংরেজিতে হবে, সেহেতু ইংরেজি ভাষায় যথাযথ দক্ষতা থাকা আবশ্যক;

(ছ) সদস্য দেশসমূহকে লিঙ্গ সমতা বজায় রেখে মনোনয়ন প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে;

এমতাবস্থায়,প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত নাম প্রকাশসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানএবং **সংযুক্ত (Commonwealth of Learning Cousera Enrolement- excel file) ছকে আপনার বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত আরো ৩০ জন প্রশিক্ষণার্থীর তালিকা আগামী ১৭/০৯/২০২০ ইং তারিখের মধ্যে বন্ধনীতে উদ্ধৃত (mohammadbhuiyan2017@gmail.com, mamunugcbd@gmail.com) নিম্ন স্বাক্ষরকারীর ইমেইলে প্রেরণ করার জন্য আপনাকে সবিনয় অনুরোধ করা হলো।**

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

সংযুক্তি ঃ ০৩ পাতা

(মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া)
অতিরিক্ত পরিচালক (IMCT), (অ:দাঃ) (আইসিসি)
ফোনঃ ০১৯৪০৫৬৫৭৭৮
ই-মেইলঃ mohammadbhuiyan2017@gmail.com

বিতরণঃ

১-১০। উপাচার্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ টেক্সটাইল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Digital বিশ্ববিদ্যালয়।

১১-২০। রেজিস্ট্রার (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ টেক্সটাইল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Digital বিশ্ববিদ্যালয়।